

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-শাঃ৪/১জি-৪/২০০৪/২৭৩

১৮/০২/১৪১১ বাং
তারিখ : -----
০১/০৬/২০০৪ ইং

প্রেরক : বিকাশ চন্দ্র সাহা
উপ-সচিব

প্রাপক : মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

বিষয় : ২০০৩-২০০৪ অর্থ বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদির সরকারী অংশ প্রদান প্রসংগে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদসংগে সংযুক্ত তালিকায় বর্ণিত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং মাদ্রাসাসমূহের স্টাফিং প্যাটার্ন মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করছে :-

শর্তাবলী :

- ১। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংক হিসাব খুলতে হবে।
- ২। প্রচলিত স্টাফিং প্যাটার্ন এর শর্ত পূরণ করতে হবে। কোন পদ শূন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে। তাছাড়া এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রমোট প্রকল্পের অধীনে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষিকাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ৩। ২০০৩-২০০৪ অর্থ বছরে এমপিও ভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ (এক) বছরের জন্য এম.পি.ও ভুক্ত করা হবে।
- ৪। ২৪ শে অক্টোবর '৯৫ তারিখে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এম.পি.ও ভুক্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ৫। ২০০৩-২০০৪ অর্থ বছরে এম.পি.ও ভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এম.পি.ও প্রণয়নের জন্য সংযুক্ত নির্দেশিকা (সংযুক্ত-১) অনুযায়ী কাগজপত্রের মূল কপি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবরে ০৮/৬/০৪ ইং তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। অন্যথায় এম.পি.ও ভুক্তির প্রদত্ত আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৬। যথাযথ স্বীকৃতি না থাকলে এম.পি.ও ভুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৭। ২০০৩-২০০৪ অর্থ বছরে এম.পি.ও ভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এম.পি.ও ভুক্তির সরকারি আদেশ ০১/০৫/০৪ থেকে কার্যকর হবে।
- ৮। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ২০০৩-২০০৪ অর্থ বছরে ২৫৪০-০০১৩-নতুন স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান-৫৯৩১ বেসরকারি শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

Signature
১৫/৫/০৪

(বিকাশ চন্দ্র সাহা)
উপ-সচিব
ফোন : ৭১৬৫০২৩

নং-শাঃ ৪/১জি-৪/২০০৪/২৭৩

১৮/০২/১৪১১ বাং
তারিখ : -----
০১/০৬/২০০৪ ইং

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)

১। মাননীয় সংসদ সদস্য, জনাব এ.এম. রিয়াছাত আলী বিশ্বাস, ১০৭-সাতক্ষীরা-৩

(বিকাশ চন্দ্র সাহা)
উপ-সচিব
ফোন : ৭১৬৫০২৩

নং-শাঃ ৪/১জি-৪/২০০৪/২৭৩

১৮/০২/১৪১১ বাং
তারিখ : -----
০১/০৬/২০০৪ ইং


অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, বেনবেইস, ঢাকা।
- ৩। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। মাননীয় শিক্ষা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ৬। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।

(তার জেলাধীন সংযুক্ত তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে জরুরীভিত্তিতে স্ব-উদ্যোগে অবহিত করে সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী কাগজপত্র মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর বিশেষ বাহক মারফত ০৮/৬/০৪ এর মধ্যে পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

- ১০। অধ্যক্ষ/অধ্যক্ষা, প্রধান শিক্ষক/শিক্ষিকা, সুপারঃ নৈকাটা দাখিল মাদ্রাসা, আশাশুনি, সাতক্ষীরা।
এ বিষয়ে ৫ নং শর্তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বরাবরে বিশেষ বাহক মারফত ০৮/৬/০৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১১। সংরক্ষণ নথি।


(বিকাশ চন্দ্র সাহা)
উপ-সচিব
ফোন : ৭১৬৫০২৩